



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ
আইইবি ভবন (৯ম ও ১০ম ফ্লোর), রমনা, ঢাকা
www.sreda.gov.bd



“সাশ্রয়ে জ্বালানি, সমৃদ্ধ আগামী”

সরকারি অফিস ভবনে বিদ্যুৎ ও জ্বালানির দক্ষ ব্যবহার সংক্রান্ত সমন্বিত গাইডলাইন

ক্রমিক নং	বিদ্যুৎ/জ্বালানি ব্যবহারের ক্ষেত্রসমূহ	জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমসমূহ
১	লাইটিং	ক) জ্বালানি দক্ষ লাইটিং সিস্টেম ব্যবহার করা, যথা: Incandescent বা CFL লাইটের পরিবর্তে অধিকতর জ্বালানি সাশ্রয়ী LED লাইট ব্যবহার করা।
		খ) লাইটিং সিস্টেমে Fixture/Casing/Reflector ব্যবহার করার ক্ষেত্রে High Reflection Coefficient এর রং ব্যবহার করা, এতে আলোর উজ্জ্বলতা (Luminosity) বৃদ্ধি পায়।
		গ) কমন স্পেস যেমন: সিঁড়ি/ওয়াশ রুম/ ওয়েটিং রুম/ করিডোর ইত্যাদিতে Motion Sensor নির্ভর লাইটিং সিস্টেম ব্যবহার করা, এতে বিদ্যুতের অপয়োজনীয় ব্যবহার রোধ করা যায়।
		ঘ) Bangladesh National Building Code (BNBC) এ উল্লিখিত কার্যক্রমভিত্তিক নির্ধারিত মাত্রার উজ্জ্বলতা (LUX Level) বজায় রাখা।
		ঙ) বৈদ্যুতিক বাত্বের উপরিভাবে খুলাবালি জমলে এর উজ্জ্বলতা কমে যায় বিধায় বাত্বসহ লাইটিং সিস্টেম নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখা।
		চ) অফিসের ডেস্কে নির্ধারিত উজ্জ্বলতা (LUX level) বজায় রাখতে টাস্ক লাইটিং (Task Lighting) সিস্টেম ব্যবহার করা।
		ছ) দিনের আলোর (Day Lighting) সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা।
		জ) কাজের ধরণ বিবেচনায় প্রয়োজ্য লাইটিং লোড নির্বাচন করা।
		ঝ) অপয়োজনে লাইটের ব্যবহার পরিহার করা।
২	শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র	ক) শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের Set Temperature, ২৫°C বা এর উপরে রাখা।
		খ) শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যবহারের সময় তাপনিরোধক ভাবে কক্ষের দরজা, জানালা বন্ধ রাখা।
		গ) তাপপ্রবাহ রোধে জানালায় Double Glazed/ Low Emission Glass/ পর্দা ব্যবহার করা।
		ঘ) শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের ফিল্টার মাসে কমপক্ষে একবার পরিষ্কার করা।
		ঙ) শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র প্রতি বছর কমপক্ষে একবার সার্ভিসিং করা।
		চ) পাইপলাইন বা Duct এর তাপ নিরোধক ইনসুলেশন ব্যবস্থা বছরে কমপক্ষে একবার এবং leakage প্রতি মাসে কমপক্ষে একবার পরীক্ষা করা।
		ছ) উচ্চতর Energy Efficiency Ratio (EER)/ Coefficient of Performance (COP) এর জ্বালানি দক্ষ Inverter Technology সম্বলিত শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ব্যবহার

ক্রমিক নং	বিদ্যুৎ/জ্বালানি ব্যবহারের ক্ষেত্রসমূহ	জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমসমূহ	
			করা। পর্যায়ক্রমে একেজো ঘোষিত শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের বিপরীতে ও নতুন ক্রয়ের ক্ষেত্রে উচ্চতর EER/COP সমৃদ্ধ শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ক্রয় করা যেতে পারে।
		জ)	অপ্রয়োজনে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র বন্ধ রাখা।
৩.	রেফ্রিজারেটর		জ্বালানি দক্ষ Inverter Technology সম্বলিত রেফ্রিজারেটর ব্যবহার করা।
৪	ফ্যান	ক)	বাজারে প্রাপ্যতা সাপেক্ষে জ্বালানি সশ্রয়ী (যেমন: BLDC ফ্যান) এবং উচ্চতর সার্ভিস ভ্যালুর (m ³ /min/W) ফ্যান ব্যবহার করা।
		খ)	অপ্রয়োজনে ফ্যান বন্ধ রাখা।
৫	প্লাগ লোড	ক)	Idle অবস্থায় ডেস্কটপ কম্পিউটার/ ল্যাপটপ সমূহ Power Saving Mode এ রাখা।
		খ)	ডেস্ক ভিত্তিক প্রিন্টার, ফটোকপিয়ার এবং স্ক্যানার ব্যবহারের পরিবর্তে কেন্দ্রীয়ভাবে নেটওয়ার্ক সংযোগের মাধ্যমে স্বল্প সংখ্যক যন্ত্রপাতি ব্যবহারকে উৎসাহিত করা।
		গ)	ব্যক্তি পর্যায়ে মাইক্রোওয়েভ ওভেন ব্যবহারের পরিবর্তে গুপভিত্তিক ব্যবহারকে উৎসাহিত করা।
		ঘ)	অপ্রয়োজনে যন্ত্রপাতি বন্ধ রাখা।
৬	নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার		জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম গ্রহণের পাশাপাশি নিজস্ব বিদ্যুৎ চাহিদার সম্পূর্ণ/আংশিক (BNBC অনুযায়ী বিদ্যুৎ চাহিদার ন্যূনতম ৩%) সরবরাহের লক্ষ্যে অফিস ভবনের রুফটপে অথবা অফিস প্রাঙ্গণের ফাঁকা জায়গায় নবায়নযোগ্য জ্বালানির উৎস (যেমন: সৌর শক্তি) থেকে বিদ্যুৎ উৎপাদনের উদ্যোগ গ্রহণ করা। এক্ষেত্রে স্রেডা কর্তৃক প্রণীত নেট মিটারিং গাইডলাইন অনুসরণ করা যেতে পারে।
৭	অন্যান্য		ভবনে বিদ্যুৎ ও জ্বালানির ব্যবহার সর্বদা তদারকির জন্য IoT Based Building Energy Management System (BEMS) চালুকরণে উৎসাহ প্রদান।

সচেতনতায়-

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)

১০ম ফ্লোর, আইইবি ভবন, রমনা, ঢাকা- ১০০০

